

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

নং-শাঃ ৪/১জি-১৮/৯৭/১২৯-শিক্ষা.

তারিখ : ৮/৩/১৯৯৮ইং
২৪/১১/১৪০৪বাং

হেরক : মোঃ গিয়াস উদ্দিন আহমেদ
সিনিয়র সহকারী সচিব (অনুদান)

প্রাপক : পরিচালক
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
পলাশী, নীলক্ষেত, ঢাকা-১২০৫।

বিষয় : বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারী অংশ প্রদান
প্রসঙ্গে।

আদিষ্ট হয়ে উল্লিখিত বিষয়ে জানানো যাচ্ছে যে, এতদসঙ্গে সংযুক্ত তালিকায় বর্ণিত, যথাযথ স্বীকৃতিপ্রাপ্ত সাপেক্ষে, ৫৯টি কলেজ (পরিশিষ্ট 'ক'), ৫২টি মাধ্যমিক বিদ্যালয় (পরিশিষ্ট 'খ'), ১০৭টি নিম্নমাধ্যমিক বিদ্যালয় (পরিশিষ্ট 'গ') ও ১৩৮টি মাদ্রাসা (পরিশিষ্ট 'ঘ') (সর্বমোট ৩৫৬টি বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান) স্টাফিং প্যাটার্ন মোতাবেক বিধি সম্মতভাবে নিয়োজিত শিক্ষক/কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারী অংশ নিম্নলিখিত শর্ত মোতাবেক আগামী ১/৪/৯৮ইং তারিখ হতে প্রদান করতে সরকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেনঃ-

- (ক) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষক/কর্মচারীদের স্ব-স্ব নামে ব্যাংকে হিসাব খুলতে হবে।
- (খ) যে সকল প্রতিষ্ঠান প্রচলিত স্টাফিং প্যাটার্ন এর শর্ত পূরণ করেন না কিংবা কোন পদ শূন্য হলে/থাকলে অথবা নতুন নিয়োগের স্থলে মহিলা শিক্ষিকা নিয়োগ করতে হবে। এই অবস্থা মোট পদের ৩০% পূরণ না হওয়া পর্যন্ত এই প্রক্রিয়া চলতে থাকবে।
- (গ) ১৯৯৭-৯৮ অর্থ বছরে এম.পি.ও ভূক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানকে পরীক্ষামূলক ভিত্তিতে ১ বছরের জন্য এম.পি.ও ভুক্ত করা হবে।
- (ঘ) ২৪শে অক্টোবর'৯৫ তে জারীকৃত (পরবর্তীতে সংশোধিত -যদি হয়ে থাকে) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারী অংশ প্রদান ও জনবল কাঠামো সম্পর্কিত নীতিমালায় বর্ণিত শর্তসমূহ পূরণ করতে হবে। যেসকল প্রতিষ্ঠান এই শর্ত পূরণে ব্যর্থ হলে পরবর্তী অর্থ বছরে এম.পি.ও ভুক্তি বাতিল করা হবে।
- (ঙ) ১৯৯৭-৯৮ অর্থ বছরে এম.পি.ও ভূক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের শিক্ষক/কর্মচারীদের প্রয়োজনীয় তথ্য যথা- ব্যানবেইস ফরম, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের শিক্ষাগত সনদপত্র, ২ কপি ছবি, নিয়োগপত্র, অঙ্গীকার পত্র, স্ব-স্ব ব্যাংক একাউন্ট এর মূল কপি ব্যানবেইসে এবং অনুলিপি, মহা-পরিচালক, মাউশিকে প্রদান করতে হবে।
- (চ) ১৯৯৭-৯৮ অর্থ বছরে এম.পি.ও ভূক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের এম.পি.ও ভূক্তির সরকারী আদেশ ১/৪/৯৮ইং থেকে কার্যকর হবে।

মোঃ গিয়াস উদ্দিন আহমেদ
সিনিয়র সহকারী সচিব

নং-শাঃ ৪/১জি-১৮/৯৭/১২৯-শিক্ষা.

তারিখ : ৮/৩/১৯৯৮ইং
২৪/১১/১৪০৪বাং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলঃ-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

- ৩। মাননীয় শিক্ষা মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরী শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (সংযুক্ত তালিকায় উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানকে এবং সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারকে আগামী ১৫ই এপ্রিল, ১৯৯৮ইং তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র ব্যানবেইসে হেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।)
- ৫। জেলা প্রশাসক, (সকল)
- ৬। অধ্যক্ষ/অধ্যক্ষা, প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা ... *বকসর হাটের সি/খা নতুন* *১২০৫* *১২০৫* । এ বিষয়ে '৩' নং শর্তে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্র পরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ১ নং সোনারগাঁও রোড, পলাশী, নীলক্ষেত, ঢাকা-১২০৫ এর বরাবরে রেজিটার্ড ডাকযোগে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে হেরণের জন্য আপনাকে অনুরোধ করা হইল।
- ৭। সহকারী সচিব (বাজেট), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। জেলা শিক্ষা অফিসার (সকল)
- ৯। সংরক্ষণ নথি।

খান
(মোঃ গিয়াস উদ্দীন আহমেদ)
সিনিয়র সহকারী সচিব